

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
ঘাট প্রশাসন সংযোগ শাখা

নং-০৮.৫১২.০৮২.০০.০০.০৪৬.২০১৩-৩১৬

তারিখঃ ১০ পৌষ ১৪২০

২৪ ডিসেম্বর ২০১৩


বিষয়ঃ আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।

সূত্রঃ (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৮. ৫১২.০৮২.০০.০০.০৪৬.২০১০.৫০ তারিখঃ ০৭-০৩-২০১৩
(২) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং ৪৪.০০.০০০০.০৭৫.০২.০০৯.১২-১০৫৯ তারিখ ১৯-১২-২০১৩

মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রে উল্লিখিত স্মারকে মহানগর, জেলা, উপজেলা, পৌরসভা, ওয়ার্ড ও ইউনিয়ন পর্যায়ে সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি গঠনের নির্দেশনা দেওয়া হয়েছে। আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ১৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সূত্রে উল্লিখিত স্মারকে ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির তৎপরতা বৃক্ষি এবং বর্তমান প্রেক্ষাপটে তাদের দায়-দায়িত্ব সম্পর্কে নির্দেশনা জারির জন্য অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে গঠিত কমিটিসমূহকে সংশ্লিষ্ট এলাকার সড়ক, রেল ও সরকারি স্থাপনার নিরাপত্তা বিধান এবং এলাকার শাস্তি-শৃঙ্খলা রক্ষায় কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল। সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ড এলাকায় কেউ যাতে অবাধ যান চলাচলে বিয় সৃষ্টি করতে না পারে কিংবা কোনরূপ নাশকতা চালাতে না পারে তা নিশ্চিতকরণের স্বার্থে উক্ত কমিটিসমূহ স্থানীয় প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে দ্রুত তথ্য সরবরাহ করবে এবং পাশাপাশি স্থানীয় জনসাধারণকে সম্পৃক্ত করে পারস্পরিক সহযোগিতার মাধ্যমে নাশকতা রোধ ও শাস্তি-শৃঙ্খলা রক্ষায় কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। ইউনিয়ন পরিষদের আওতাধীন গ্রাম পুলিশের সদস্যগণকে যথোপযুক্ত স্থানে রাত্রিকালীন পাহারায় নিয়োজিত করতে হবে। ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ের কমিটি উপজেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটিকে দায়িত্ব পালনে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। এক্ষেত্রে কোন ইউনিয়ন পরিষদ কিংবা পরিষদের চেয়ারম্যান বা সদস্য শৈখিল্য প্রদর্শন করলে তা স্থীয় দায়িত্বে অবহেলা এবং সরকারি কাজে অসহযোগিতা হিসেবে গণ্য হবে।

০৩। জেলা প্রশাসকগণকে ইউনিয়ন/ওয়ার্ড পর্যায়ে গঠিত কমিটির উপর্যুক্ত কার্যক্রম উপজেলা নির্বাহী অফিসারগণের সহায়তায় পরিবীক্ষণ করার জন্য এবং এ সম্পর্কিত সংক্ষিপ্ত প্রতিবেদন পাক্ষিক ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ ও বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(এম কাজী এমদাদুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৬৫৫৪৭

জেলা প্রশাসক (সকল)

অনুলিপিঃ

- ১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
- ২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সচিব, স্থানীয় সরকার বিভাগ
- ৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর